42

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 2 3. 1999 ... ...
পৃষ্ঠা ৭০ কলাম ৭... ......

# ঝালকাঠীতে রেকর্ড সংখ্যক প্রাথমিক বৃত্তি পরীক্ষার্থী অনুপস্থিত

ঝালকাঠি সংবাদদাতা ॥ প্রাথমিক বৃত্তি পরীক্ষায় এ বছর ঝালকাঠি জেলার রেকর্ড সংখ্যক পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। দুইদিনব্যাপী এই পরীক্ষা বুধবার শেষ হইয়াছে। জেলার ৪ থানায় সর্বমোট ২ হাজার ২৯ জন পরীক্ষার্থীর মধ্যে প্রথম দিনে অংশগ্রহণ করে মাত্র ১হাজার ১শ' ৩৯ জন। বুধবার ২য় দিনে এই সংখ্যাহ্রাস পাইয়া অনুপস্থিতির মোট সংখ্যা দাঁড়াইয়াছে ৯ শতাধিক। অনুপস্থিতির শতকরা হার প্রায় ৪৫ ভাগ। অনুসন্ধানে জানা যায়, প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ছাত্রসংখ্যার কমপক্ষে ২০ শিক্ষার্থীকে অবশ্যই বৃত্তি পরীক্ষার প্রেরণ করিতে হইবে বলিয়া সরকারী বাধ্য-বাধকতা রহিয়াছে। এ কারণে বিদ্যালয়সমূহ নির্বিচারে ছাত্র-ছাত্রীদের নাম পাঠাইলেও সংশ্লিষ্ট শিক্ষার্থীরা যোগ্যতাসম্পন্ন না হওয়ায় তাহারা বৃত্তি পরীক্ষায় অবতীর্ণ হওয়ার মত সাহসই পায় না। কোন কোন ক্ষেত্রে যে সমস্ত ছাত্র-ছাত্রীর নাম পরীক্ষার্থী হিসাবে পাঠানো হয়, তাহারা এবং অভিভাবকরাও জানিতে পারেন না। বিদ্যালয় কর্তৃপক্ষও নাম পাঠাইয়াই অধিকাংশ ক্ষেত্রে তাঁহাদের দায়িত্ব 'খালাস' করেন বলিয়া জানা যায়। বিপুল সংখ্যক পরীক্ষার্থীর অনুপস্থিতি সম্পর্কে জেলা প্রাথমিক শিক্ষা অফিস জানায়, একাধিকবার তারিখ পরিবর্তন, রমজানের ছুটি এবং প্রচণ্ড শীতের কারণে অভিভাবকরা তাহাদের বাচ্চাদের নিয়া গ্রামের প্রত্যন্ত অঞ্চল হইতে জেলা ও থানা সদর সমূহের কেন্দ্রে উপস্থিত হওয়ার বিড়ম্বনা এড়াইয়া চলেন।